# বেপজা পাবলিক স্কুল এন্ড কলেজ চট্টগ্রাম

২০১৯-২০২০ শিক্ষাবর্ষের শিক্ষার্থীদের জন্য

অর্থনীতি ২য় পত্র

প্রশ্ন-উত্তর

মডেল প্রশ্ন-০১

X একটি উন্নয়নশীল দেশ। দেশটি পাটজাত দ্রব্য সহ উৎপাদিত কিছু দ্রব্য রপ্তানী করে প্রচুর বৈদেশিক মুদ্রা অর্জন করে। দেশটিতে পূর্বে মোটর সাইকেল আমদানি হতো। সম্প্রতি তা দেশেই উৎপাদিত হয় এবং বিক্রয় হয়। মোটর সাইকেলে মতো টিভি, ফ্রিজ ইত্যাদিও দেশীয় শিল্পের সংরক্ষন দ্রুত প্রবৃদ্ধি অর্জনে সহায়তা করে।

| | | |
|---|---|---|
| ক. | হাইটেক শিল্প কি? | ১ |
| খ. | র্কসংস্থান সৃষ্টিতে কুটির শিল্পের ভুমিকা ব্যাখ্যা কর। | ২ |
| গ. | উদ্দীপকে পাটজাত দ্রব্য যে ধরনের শিল্পের অন্তর্গত তার একটি তালিকা প্রস্তুত কর। | ৩ |
| ঘ. | উদ্দীপকে মোটর সাইকেল যে ধরনের শিল্পের অন্তর্গত বাংলাদেশের অর্থনৈতিক উন্নয়নে এ শিল্পের গুরুত্ব বিশ্লেষন কর। | ৪ |

**উত্তরঃ (ক)**

জ্ঞান ও পূঁজি নির্ভর, উচ্চ প্রযুক্তি ভিত্তিক, পরিবেশ বান্ধব এবং গবেষনা ও উন্নয়ন নির্ভর শিল্পকে হাইটেক শিল্প বলে।

**উত্তরঃ (খ)**

যে শিল্পে স্বল্প মুলধন ৫ লক্ষ টাকার নিচে এবং পারিবারিক সদস্য সংখ্যা ১০ জনের অধিক নয় ও সহজ লভ্য যন্ত্রপাতির সাহায্যে পরিচালিত হয় তাকে কুটির শিল্প বলে।

কুটির শিল্পের জন্য মুলধন কম প্রয়োজন হয় এবং কারিগরিও প্রযুক্তি জ্ঞান কম ব্যবহার হয়। তাই এ ধরনের শিল্প প্রতিষ্ঠা সহজ। বাংলাদেশের বিপুল বেকার জনশক্তি কুটির শিল্পের মাধ্যমে তাদের কর্মসংস্থান সৃষ্টি করতে পারে। এ ছাড়া এ দেশের ধর্মীয়, পারিবারিক ও সামাজিক নিরাপত্তার কারনে নারীরা ঘরের বাইরে যেতে পারেনা। কুটির শিল্পের মাধ্যমে তারা ঘরে বসেই কাজের ব্যবস্থা করতে পারে।

**উত্তরঃ (গ)**

উদ্দীপকের শিল্পটি রপ্তানী মুখী শিল্প।
রপ্তানীমুখি শিল্পের সংজ্ঞা লিখবে।
রপ্তানীমুখি শিল্পের বৈশিষ্ট্য লিখবে
প্রচলিত রপ্তানী পন্য ও অপ্রচলিত রপ্তানী পন্য গুলোর নাম লিখবে।

**উত্তরঃ (ঘ)**

উদ্দীপকের শিল্পটি হলো আমদানী বিকল্প শিল্প।

- আমদানী বিকল্প শিল্পের সংজ্ঞা লিখবে
- আমদানি বিকল্প শিল্পের বৈশিষ্ট্য লিখবে
- আমদানী বিকল্প শিল্পের প্রয়োজনীয়তা লিখবে

    আমদানি হ্রাস
    রপ্তানী বৃদ্ধি
    নির্ভরশীলতা হ্রাস
    দেশীয় শিল্পের সংরক্ষন
    দ্রুত প্রবৃদ্ধি অর্জন

এই পয়েন্টগুলো সংক্ষেপে ব্যাখ্যা করবে।

# বেপজা পাবলিক স্কুল এন্ড কলেজ চট্টগ্রাম

২০১৯-২০২০ শিক্ষাবর্ষের শিক্ষার্থীদের জন্য

অর্থনীতি ২য় পত্র

প্রশ্ন-উত্তর

মডেল প্রশ্ন-০২

আলম সাহেব ঢাকা থেকে তৈরী পোশাক ক্রয় করে কুমিল্লার স্থানীয় বাজারে বিক্রয় করেন। তার বন্ধু জামাল সাহেব ভারত থেকে পেয়াজ, রসুন ক্রয় করে বাংলাদেশে বিক্রয় করেন এবং বাংলাদেশ থেকে শাক সবজি ও হিমায়িত মাছ সৌদি আরবে বিক্রয় করেন।

ক. বিশ্বায়ন কী? ১

খ. বৈদেশিক সাহায্য আমাদের পরনির্ভরশীল করে তোলে ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকে আলম সাহেবের ব্যবসায়কে কোন বানিজ্য বলে? ব্যাখ্যা কর। ৩

ঘ. উদ্দীপকে উল্লেখিত জামাল সাহেবের বানিজ্যটি দেশের অর্থনৈতিক উন্নয়নে কীভাবে ভুমিকা রাখে? বিশ্লেষন কর। ৪

**উত্তরঃ (ক)**

মুলধনসহ পন্য ও সেবার অবাধ প্রবাহের সম্মিলিত একটি ব্যবস্থা হলো বিশ্বায়ন।

**উত্তরঃ (খ)**

কোনো দেশ অর্থনৈতিক উন্নয়নের উদ্দেশ্যে বিদেশ থেকে যে ঋন ও অনুদান গ্রহন করে তাকে বৈদেশিক সাহায্য বলে।

বৈদেশিক সাহায্য গ্রহীতা দেশ নিজ দেশের জন্য স্বাধীনভাবে উন্নয়ন পরিকল্পনা প্রনয়ন করতে পারেনা। কারন দাতা দেশ সাহায্য গ্রহীতা দেশের জন্য এরূপ পরিকল্পনা প্রনয়ন করে যাতে তারা নিজেদের তৈরি মুলধন দ্রব্য বিক্রি ও উদেষ্টার কর্মসংস্থান নিশ্চিত করতে পারে। এরূপ ক্ষেত্রে অনেক সময় গ্রহী দেশের রাজনৈতিক স্বাধীনতা ক্ষুন্ন হয়। বৈদেশিক সাহায্য গ্রহীতা দেশ দাতা দেশের সন্তুষ্টির জন্য উচ্চ মুল্য, নিম্নমানের পন্য নির্ধারিত দেশ হতেই সংগ্রহ করতে বাধ্য থাকতে হয়। বিভিন্ন দাতা বা সংস্থা সমূহ তাদের খানের বিপরীতে বিভিন্ন শর্তারোপ করে। অনেক ক্ষেত্রে এসব শর্ত সাহায্য গ্রহনকারী দেশের উন্নয়ন পরিকল্পনা বাস্তবায়নে প্রতিবন্ধকতা সৃষ্টি করে।

বৈদেশিক সাহায্য একটি দেশকে পরনির্ভরশীল করে তোলে। এর ফলে দেশটি সয়ং সম্পুর্নতা অর্জনে পিছিয়ে পড়ে।

**উত্তরঃ (গ)**

অভ্যন্তরীন বাজার।

- অভ্যন্তরীন বাজার কাকে বলে লিখবে উদাহরণ দিতে হবে
- অভ্যন্তরীন বাজারের বৈশিষ্ট্য লিখবে
- উদ্দীপকের সাথে মিলিয়ে উপসংহার দিতে হবে।

**উত্তরঃ (ঘ)**

আন্তর্জাতিক বাজার।

- আন্তর্জাতিক বাজারের সংজ্ঞা লিখবে
- বৈশিষ্ট্য লিখবে, উদাহরণ দিতে হবে
- আন্তর্জাতিক বানিজ্যের গুরুত্ব লিখবে

    আন্তর্জাতিক বিশেষীকরণ
    অনুৎপাদিত দ্রব্য ভোগের সুবিধা
    উদ্ধৃত্ত পন্য বিদেশে রপ্তানীর সুযোগ
    দেশীয় উৎপাদকগনের দক্ষতা বৃদ্ধি
    অর্থনৈতিক উন্নয়ন ( রেফ- অক্ষরপত্র প্রকাশনী)

# বেপজা পাবলিক স্কুল এন্ড কলেজ চট্টগ্রাম

২০১৯-২০২০ শিক্ষাবর্ষের শিক্ষার্থীদের জন্য

অর্থনীতি ২য় পত্র

প্রশ্ন-উত্তর

মডেল প্রশ্ন-০৩

X দেশের সরকার অতীতে অনেক দান অনুদান নিয়ে দেশ পরিচালনার কাজ করতো। সরকারকে প্রতি বছর জনসংখ্যার খাদ্য চাহিদা মেটাতে বিদেশ থেকে পন্য আমদানি ও ঋণ গ্রহণ করতে হয়। বর্তমানে তারা ব্যবসা বানিজ্য করে অর্থনৈতিক নির্ভরতা অর্জন করছে।

ক. প্রচলিত পন্য কী? ১

খ. রপ্তানী শুল্ক হ্রাস-আন্তর্জাতিক বানিজ্যে সহায়ক কীনা ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকে X দেশের সরকারের অতীতের কার্যক্রম অর্থনীতির কোন ধারনাকে নির্দেশ করে? ব্যাখ্যা কর। ৩

ঘ. উদ্দীপকে X দেশের সরকারের বর্তমান কার্যক্রম টি যে ধারনাকে নির্দেশ করে দেশের অর্থনৈতিক উন্নয়নে এর গরুত্ব বিশ্লেষণ কর। ৪

**উত্তরঃ (ক)**

বাংলাদেশ প্রথম থেকেই যে সব পন্য বিশ্ব বাজারে রপ্তানী করে আসছে তাকে প্রচলিত রপ্তানি পন্য বলে।

**উত্তরঃ (খ)**

রপ্তানী শুল্ক হ্রাস আন্তর্জাতিক বানিজ্যে সহায়ক।

- আন্তর্জাতিক বানিজ্যের সংজ্ঞা লিখবে।
- রপ্তানি বাণিজ্যে উৎসাহ প্রদানের জন্য রপ্তানীকারকদের প্রয়োজনীয় কাঁচামাল আমদানির উপর বানিজ্য শুল্ক অব্যাহতি দেয়া হয়েছে। এছাড়া রপ্তানিযোগ্য পন্যের জন্য ব্যবহৃত

কাঁচামাল ও উৎপাদিত পন্যের উপর আরোপিত শুল্ক প্রত্যাহার করা হয় যা রপ্তানি বানিজ্য কে সম্প্রসারিত করে এবং আন্তর্জাতিক বানিজ্য সহায়ক ভুমিকা পালন করে।

**উত্তরঃ (গ)**

উদ্দীপকে সরকারের অতীত কার্যক্রম বৈদেশিক সাহায্য ধারনাকে প্রকাশ করে।

- বৈদেশিক সাহায্য কাকে বলে লিখবে
- বৈদেশিক সাহায্যের কারণ লিখবে
- উদ্দীপকের সাথে মিলিয়ে উপসংহার দিতে হবে

**উত্তরঃ (ঘ)**

বর্তমান কার্যক্রম বৈদেশিক বানিজ্য কে প্রকাশ করে।

- বৈদেশিক বানিজ্য কী লিখবে
- বৈদেশিক বানিজ্যের বৈশিষ্ট্য লিখবে
- বৈদেশিক বানিজ্যের গুরুত্ব লিখবে

# বেপজা পাবলিক স্কুল এন্ড কলেজ চট্টগ্রাম

২০১৯-২০২০ শিক্ষাবর্ষের শিক্ষার্থীদের জন্য

অর্থনীতি ২য় পত্র

প্রশ্ন-উত্তর

মডেল প্রশ্ন-০৪

জনাব আবুল বাশার দেখলেন তার অধিক জনসংখ্যার দেশে প্রচুর প্রাকৃতিক সম্পদ থাকা স্বত্ত্বেও এদশের মানুষ দারিদ্র হয়ে আছে। যা দেশের জন্য অভিশাপ স্বরূপ। তার মতে এদেশের জনসংখ্যাকে আশীর্বাদে পরিনথ করতে প্রয়োজন শিক্ষা ও প্রশিক্ষনের ব্যবস্থা, স্বাস্থ্য সেবার উন্নয়ন। অপুষ্টি দূরীকরন ইত্যাদিত। বাশার সাহেবের পরামর্শে তার ভাতিজা মি. হাসান বেকার অবস্থা থেকে মুক্তি পেতে যুব উন্নয়ন কেন্দ্র থেকে প্রশিক্ষন গ্রহন করে এবং ব্যাংক থেকে ঋন গ্রহন নিয়ে মুরগির খামার গড়ে তোলে। এতে প্রচুর মুনাফা অর্জিত হয়।

ক. স্থুল জন্মহার কী? ১

খ. নিট অভিবাসন ব্যাখ্যা কর ২

গ. উদ্দীপকে জনসংখ্যা কে আশীর্বাদে পরিণত করতে কোন প্রক্রিয়ার ইঙ্গিত রয়েছে? ব্যাখ্যা কর। ৩

ঘ. উদ্দীপকে হাসানের গৃহীত পদক্ষেপ বাংলাদেশের অর্থনৈতিক উন্নয়নে কতটুকু অবদান রাখে? বিশ্লেষন কর। ৪

**উত্তরঃ (ক)**

কোন একটি নির্দিষ্ট বছরে একটি দেশের জনসংখ্যার প্রতি ১০০০ জনে যতটি জীবন্ত শিশু জন্ম গ্রহন করে তাকে স্থুল জন্মহার বলে।

**উত্তরঃ (খ)**

জনসংখ্যার একটি গুরুত্বপুর্ন নির্ধারক হলো নিট অভিবাসন। কোনো নির্দিষ্ট অঞ্চলের মোট আগমন ও নির্গমনের পাথ্যকে নিট অভিবাসন বলে।

নৌ বন্দর, বিমান বন্দর ও স্থল পথে সীমান্ত পাড়ি দিয়ে গমনকারী সকল যাত্রীদের পরিসংখ্যার রাখা হয়। তখন পাসপোর্ট ও ভিসা সংগ্রহ থেকে তথ্য পাওয়া যায়। যদি কোনো নির্দিষ্ট সময়ে একটি স্থানে স্থায়ী ভাবে বহিরাগতের সংখ্যা I এবং স্থায়ভাবে বহির্গামীর সংখ্যা E এবং জনসংখ্যা P হয়। উক্ত স্থানের নিট অভিবাসন হার= $\frac{I-E}{P}$×১০০০

**উত্তরঃ (গ)**

মানব সম্পদ উন্নয়ন

- মানব সম্পদ উন্নয়ন কাকে বলে লিখবে
- কীভাবে মানব সম্পদ উন্নয়নের মাধ্যমে অতিরিক্ত জনসংখ্যা আশীর্বাদে পরিনত হয় লিখবে। অর্থ্যাৎ মানব সম্পদ উন্নয়নের গুরুত্ব লিখবে।

**উত্তরঃ (ঘ)**

আত্ম কর্মসংস্থান।

- আত্ম কর্মসংস্থান কাকে বলে
- আত্ম কর্মসংস্থানের কয়েকটি উদাহরণ দিবে
- আত্ম কর্মসংস্থানের গুরুত্ব ও প্রয়োজনীয়তা লিখবে।

# বেপজা পাবলিক স্কুল এন্ড কলেজ চট্টগ্রাম

২০১৯-২০২০ শিক্ষাবর্ষের শিক্ষার্থীদের জন্য

অর্থনীতি ২য় পত্র

প্রশ্ন-উত্তর

মডেল প্রশ্ন-০৫

X একটি উন্নয়নশীল দেশ। উক্ত দেশটির জনসংখ্যা ও খাদ্য উৎপাদন বৃদ্ধির হার দেয়া হলোঃ

| **বছর** | **১৯০০** | **১৯২৫** | **১৯৫০** | **১৯৭৫** |
|---|---|---|---|---|
| জনসংখ্যা | ২ | ৪ | ৮ | ১৬ |
| খাদ্য উৎপাদন | ২ | ৩ | ৪ | ৫ |

২০১৪ সালে X দেশের কাম্য জনসংখ্যা ৫ কোটি ও প্রকৃত জনসংখ্যা ৫ কোটি ও প্রকৃত জনসংখ্যা ১৫ কোটি।

ক. জনসংখ্যার ঘনত্ব নির্নয় সূত্রটি লেখ। ১

খ. স্থুল মৃত্যুহার বলতে কী বোঝায়? ২

গ. সূচিতে প্রদত্ত তথ্য হতে জনসংখ্যার কোন তত্ত্বের ধারনা পাওয়া যায়? ব্যাখ্যা কর। ৩

ঘ. কাম্য জনসংখ্যা তত্ত্বের মাধ্যমে ২০১৫ সালে বাংলাদেশের জনসংখ্যা পরিস্থিতি বিশ্লেষণ কর। ৪

**উত্তরঃ (ক)**

$$DP = \frac{TP}{TA}$$

**উত্তরঃ (খ)**

উপযুক্ত শিক্ষা, প্রশিক্ষন, প্রযুক্তির মাধ্যমে মানুষকে দক্ষ করে গড়ে তোলার নিয়মকে মানব সম্পদ উন্নয়ন বলে।


মানব সম্পদ উন্নয়নের ৩ টি মৌলিক সূচক হলো- আয়ুষ্কাল, জ্ঞানার্জন, ও জীবন যাত্রার মান।

কোন দেশের জনগনের আয়ুষ্কাল পরিমাপ করা হয় জীবন প্রত্যাশা দ্বারা। যদি জনগনের জীবন প্রত্যাশা বাড়তে থাকে তাহলে মানব সম্পদ উন্নয়ন হচ্ছে। উন্নত দেশের মানুষের আয়ুষ্কাল অনুন্নত দেশের চেয়ে বেশি। আয়ুষ্কাল বাড়লে মানব সম্পদ উন্নয়ন হচ্ছে। জ্ঞান পরিমাপ করা হয় বয়স্ক শিক্ষার হার ও স্কুল শিক্ষার গড় বয়স দ্বারা।

**উত্তরঃ (গ)**

ম্যারথাসের জনসংখ্যা তত্ত্ব।

- তত্ত্বটির মুলভাব লিখবে
- চিত্র অংকন করে ব্যাখ্যা করবে।




- বই থেকে চিত্রের ব্যাখ্যা উদ্দীপকের আলোকে লিখতে হবে।

**উত্তরঃ (ঘ)**

কাম্য জনসংখ্যা তত্ত্বটি লিখবে।

- তত্ত্বটির মুলভাব ব্যাখ্যা করবে।
- কাম্য জনসংখ্যা নির্ণয়ের সূত্রটি লিখবে।

  $M = \frac{A-0}{0}$

- উদ্দীপকে A =১৫ কোটি

  0 = ৫ কোটি

  $\therefore M = \frac{১৫-৫}{০}$

  $= \frac{১০}{৫}$

  $= 2 > 0$

- M= 0 হলে প্রকৃত ও কাম্য জনসংখ্যার মধ্যে কোন অসামঞ্জস্যতা নেই।

  M > 0 হলে দেশটির জনবহুল

  M < 0 হলে দেশটি নিম্ন জনসংখ্যার দেশ।

উদ্দীপকের তথ্য অনুযায়ী ২০১৪ সালে M =2 > 0। সূতরাং দেশটি জনবহুল দেশ।

[বি.দ্রঃ বোর্ড পরীক্ষার প্রশ্ন অনুশীলন করবে]